তারিখ 25 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক বাংলা

কাজী জাফর

# নিরক্ষরতা দূর করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ

প্রধানমন্ত্রী কাজী জাফর আহ্‌মদ গতকাল ঢাকায় বলেন, নিরক্ষরতা ও দারিদ্র্যমুক্ত আধুনিক নতুন বাংলাদেশ গড়তে প্রেসিডেন্ট এরশাদের সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

তাঁর সম্মানে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত এক সংবর্ধনা সভায় ভাষণ দানকালে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার একটি শোভন ও সৃজনশীল সমাজ প্রতিষ্ঠার জন্য শিক্ষক, কৃষক ও শ্রমিকসহ জনগণের সকল স্তরের মেধার বিকাশে বিশ্বাসী।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

ইঞ্জিনীয়ার্স ইনস্টিটিউশনে মিলনায়তনে অনুষ্ঠিত এই সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন সমিতির সভাপতি প্রফেসর আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী আবুল কাশেম ফজলুল হক। প্রাথমিক শিক্ষা ডাইরেক্টরেটের ডিরেক্টর জেনারেল আজিজ মোহম্মদ চৌধুরীও উপস্থিত ছিলেন।

বাসস জানায়, ঢাকা নগরীর বিভিন্ন এলাকা থেকে সমবেত শত শত প্রাথমিক শিক্ষক কাজী জাফর আহমদকে প্রধানমন্ত্রী নিযুক্ত করায় জোরালো কন্ঠে স্লোগান দিয়ে তাদের সন্তুষ্টি প্রকাশ করেন। তারা প্রধানমন্ত্রীকে বিপুলভাবে মাল্যভূষিত করেন।

প্রধানমন্ত্রী শিক্ষকদের সমাজের সর্বাধিক সম্মানিত সম্প্রদায় হিসেবে অভিহিত করেন এবং উল্লেখ করেন যে প্রেসিডেন্ট এরশাদ ইতিমধ্যেই তাদের জীবনযাত্রা ও পেশায় গুণগত পরিবর্তন এনে দিয়েছেন।

ডঃ আশরাফ সিদ্দিকী রচিত 'তালেব মাস্টার' কবিতা থেকে কয়েকটি পংক্তি আবৃত্তি করে কাজী জাফর বলেনঃ 'আমি সব সময়ই শিক্ষকদের মর্যাদা ও অধিকার সমুন্নত রাখতে চেষ্টা করেছি।'

প্রধানমন্ত্রী হিসেবে তার নিযুক্তির পর থেকেই সমাজের সকল স্তর থেকে জনগণ তাকে যে স্বতঃস্ফূর্ত সংবর্ধনা দিচ্ছেন, কাজী জাফর তার উল্লেখ করে বলেন, 'ঐতিহাসিক ভাষা আন্দোলনের মাধ্যমে ৩৭ বছর আগে আমি আমার রাজনৈতিক জীবন শুরু করি। তখন থেকেই আমি সর্বদাই সমাজের অবহেলিত ও নিপীড়িতদের জন্য সংগ্রাম করে এসেছি।'

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক ও সাংবিধানিক প্রক্রিয়া ও সুস্থ রাজনীতির বিকাশ সাধনে তিনি তার সার্বিক উদ্যোগ-প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং সরকার ও বিরোধী দলের মধ্যকার ব্যবধান কমিয়ে আনতে এবং মৌলিক জাতীয় প্রশ্নে ঐক্যমতে পৌঁছুতে প্রেসিডেন্ট এরশাদকে সহায়তা দিয়ে যাবেন।

এর আগে প্রফেসর আবুল কালাম আজাদ তার স্বাগতিক ভাষণে কাজী জাফরকে প্রধানমন্ত্রী নিযুক্ত করায় প্রেসিডেন্ট এরশাদকে অভিনন্দন জানান।

কাজী আবুল কাশেম ফজলুল হক কাজী জাফরকে শিক্ষকদের সত্যিকার বন্ধু হিসেবে অভিহিত করেন।